**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৬১/২০১৭**

**ঢাকা, মঙ্গলবার ২৮ মার্চ ২০১৭, ১৪ চৈত্র ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। অষ্টম শ্রেণি পাস না হলে ড্রাইভিং লাইসেন্স নয় : মন্ত্রিসভায় আইনের খসড়া অনুমোদন

২। উন্নয়ন চলবে, জঙ্গিবাদও দমন হবে : প্রধানমন্ত্রী

৩। সন্ত্রাস প্রতিরোধ কমিটি সক্রিয় করার নির্দেশ প্রধানমন্ত্রীর

৪। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে তুরস্কের প্রধানমন্ত্রীর ফোন
: সন্ত্রাস বিরোধী লড়াইয়ে এক সঙ্গে কাজ করতে চায় তুরস্ক

৫। বাংলাদেশে জঙ্গি তৎপরতা নিয়ন্ত্রণে রয়েছে : স্বরাষ্ট্রমন্ত্রী

৬। প্রত্যন্ত অঞ্চলে চিকিৎসক উপস্থিতি নিশ্চিত করা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

৭। সুখী-সমৃদ্ধ বাংলাদেশ অর্জিত হলেই স্বাধীনতার স্বপ্ন পূরণ হবে : শিক্ষামন্ত্রী

৮। এভিয়েশন হতে পারে বৈদেশিক মুদ্রা অর্জনের অন্যতম মাধ্যম
: বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী

৯। হজযাত্রীদের নিবন্ধন প্রক্রিয়া শুরু আজ

১০। নিয়ন্ত্রণে আতিয়া মহল : চার জঙ্গি নিহত

চলমান পাতা-২

১। **অষ্টম শ্রেণি পাস না হলে ড্রাইভিং লাইসেন্স নয় : মন্ত্রিসভায় আইনের খসড়া অনুমোদন**

গাড়ির ড্রাইভিং লাইসেন্স পেতে হলে কমপক্ষে অষ্টম শ্রেণি পাস হতে হবে। লাইসেন্স ছাড়া গাড়ি চালালে ছয় মাসের কারাদন্ড অথবা ৫০ হাজার টাকা জরিমানা হবে। গণপরিবহণে নারীদের সংরক্ষিত আসনে পুরুষ বসলে জেল-জরিমানা হবে। এসব বিধানসহ বিভিন্ন বিধান রেখে সড়ক পরিবহণ আইন-২০১৭ এর খসড়াকে নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। গতকাল ২৭ মার্চ সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। বর্তমান বিধি অনুযায়ী চালক বা সহযোগীর শিক্ষাগত যোগ্যতার বাধ্যবাধকতা নেই। মন্ত্রিসভার বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম এসব তথ্য জানান। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.৭)।

২। **উন্নয়ন চলবে, জঙ্গিবাদও দমন হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দেশে জঙ্গিদের কোনো ঠাঁই হবে না। জঙ্গি নির্মূলে যা যা করার, সরকার সবই করবে। সেই সঙ্গে দেশকে অর্থনৈতিকভাবে উন্নয়নের পথেও এগিয়ে নেওয়া হবে। দেশের উন্নয়নও চলবে। জঙ্গিবাদও দমন হবে। বিএনপি-জামায়াত জোট গণহত্যা দিবস পালন না করার কঠোর সমালোচনা করে প্রধানমন্ত্রী বলেছেন, তারা আবারও প্রমাণ করেছে, দেশের স্বাধীনতায় তারা বিশ্বাস করে না। গতকাল ২৭ মার্চ সোমবার রাজধানীর খামারবাড়ি কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে আওয়ামী লীগের আলোচনা সভায় সভাপতির ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)। **জনকণ্ঠ, ইত্তেফাক, সমকাল, অবজারভার**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

৩। **সন্ত্রাস প্রতিরোধ কমিটি সক্রিয় করার নির্দেশ প্রধানমন্ত্রীর**

সারাদেশে গঠিত জঙ্গিবিরোধী সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটিকে আরও সক্রিয় করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি জঙ্গিবাদের বিষয়ে সতর্ক থাকতে মন্ত্রী-এমপিদের নির্দেশ দিয়ে বলেন, এমপিদের নিজ নির্বাচনী এলাকায় জঙ্গি প্রতিরোধে সক্রিয় হতে হবে। স্থানীয় রাজনৈতিক নেতা,সুশীল সমাজ, মসজিদের ইমাম, শিক্ষকসহ নানা শ্রেণি পেশার মানুষকে এই প্রতিরোধে সম্পৃক্ত করতে হবে। পাশাপাশি সতর্কতার সঙ্গে জঙ্গি হামলার খবর পরিবেশনে গণমাধ্যমের প্রতি আহ্বান জানান তিনি। গতকাল ২৭ মার্চ সোমবার মন্ত্রিসভার বৈঠকে অনির্ধারিত আলোচনায় প্রধানমন্ত্রী এ নির্দেশনা দেন। বৈঠক শেষে একাধিক মন্ত্রী-প্রতিমন্ত্রী এ তথ্য জানান। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **যুগান্তর** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

৪। **প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে তুরস্কের প্রধানমন্ত্রীর ফোন**
**: সন্ত্রাস বিরোধী লড়াইয়ে এক সঙ্গে কাজ করতে চায় তুরস্ক**

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফোন করেছেন তুরস্কের প্রধানমন্ত্রী বিনালি ইলদিরিম। সন্ত্রাসবিরোধী লড়াইয়ে বাংলাদেশের সঙ্গে কাজ করার আগ্রহ প্রকাশ করে গতকাল ২৭ মার্চ সোমবার তিনি এ ফোন করেন। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম এ নিয়ে গণমাধ্যমে বিস্তারিত জানান। প্রেস সচিব বলেন, ১৫ মিনিটের আলাপে তুরস্কের প্রধানমন্ত্রী বাংলাদেশের সিলেটে জঙ্গি হামলার তীব্র নিন্দা এবং হতাহতের প্রতি সমবেদনা জানান। এ সময় সন্ত্রাসের বিরুদ্ধে সরকারের জিরো টলারেন্স নীতির কথা পুনর্ব্যক্ত করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, ধর্মের নামে কিছু বিভ্রান্ত লোক ইসলামের সুনাম ক্ষুণ্ন করছে। তিনি বলেন, তারা ধর্মের নামে ইসলামী সংস্কৃতি ও ঐতিহ্য ধ্বংস করছে। আমরা সব সময় শান্তি ও গণতন্ত্রকে সমুন্নত রাখি। প্রধানমন্ত্রী সুবিধাজনক সময়ে বাংলাদেশ সফরের জন্য তুরস্কের প্রধানমন্ত্রীকে আমন্ত্রণ জানান। তুরস্কের প্রধানমন্ত্রী বাংলাদেশের ৪৭তম স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানান। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৪)।

৫। **বাংলাদেশে জঙ্গি তৎপরতা নিয়ন্ত্রণে রয়েছে : স্বরাষ্ট্রমন্ত্রী**

অন্যান্য দেশের তুলনায় বাংলাদেশে জঙ্গি তৎপরতা নিয়ন্ত্রণে রয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। তিনি বলেন, বিগত দিনের তুলনায় জঙ্গি কর্মকান্ড অনেক কমেছে। জঙ্গি নির্মূল যদিও সম্ভব হয়নি। তবুও এ তৎপরতা নিয়ন্ত্রণে রয়েছে। স্বাধীনতার পর থেকেই দেশি-বিদেশি চক্রের সহায়তায় এরা দেশের বিরুদ্ধে ষড়যন্ত্র করছে যা এখনও অব্যাহত রয়েছে। এদের বিরুদ্ধে জনগণকে ঐক্যবদ্ধ থাকতে হবে। গতকাল ২৭ মার্চ সোমবার সচিবালয়ে নিজ দপ্তরে আলাপকালে স্বরাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **যুগান্তর** (পৃ.৩,ক.৫)।



৬। **প্রত্যন্ত অঞ্চলে চিকিৎসক উপস্থিতি নিশ্চিত করা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

দরিদ্র মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে গ্রাম ও প্রত্যন্ত অঞ্চলের কর্মস্থলে চিকিৎসক উপস্থিতি বাধ্যতামুলক করতে কঠোর পদক্ষেপ নিতে যাচ্ছে সরকার। এ লক্ষ্যে বদলি নীতিমালায় সংশোধনী এনে অনুপস্থিত চিকিৎসকের বেতন-ভাতা বন্ধ ও বিভাগীয় শাস্তির পাশাপাশি দুর্গম অঞ্চলে কাজে উৎসাহিত করতে বিশেষ প্রণোদনার ব্যবস্থাসহ কয়েকটি পদক্ষেপ গ্রহণের বিষয়ে সরকার চিন্তাভাবনা করছে। গতকাল ২৭ মার্চ সোমবার সচিবালয়ে বিভাগীয় স্বাস্থ্য পরিচালকদের সঙ্গে মতবিনিময় সভায় সভাপতিত্বকালে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম সরকারের এ অবস্থানের কথা জানান। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫)।

৭। **সুখী-সমৃদ্ধ বাংলাদেশ অর্জিত হলেই স্বাধীনতার স্বপ্ন পূরণ হবে : শিক্ষামন্ত্রী**

সুখী-সমৃদ্ধ ও স্বনির্ভর বাংলাদেশ গড়ার লক্ষ্য অর্জিত হলেই স্বাধীনতার স্বপ্ন এবং আকাঙ্ক্ষা পূরণ হবে বলে মনে করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, একটি মর্যাদাসম্পন্ন জাতি গঠনের মাধ্যমেই এ আকাঙ্ক্ষা পূরণ সম্ভব। এজন্য আমরা নতুন প্রজন্মকে গড়ে তোলার চেষ্টা করছি। এ প্রজন্মই হবে আধুনিক বাংলাদেশ নির্মাণের কারিগর। তাদেরকে আধুনিক জ্ঞান ও প্রযুক্তিতে এমনভাবে দক্ষ করে তুলতে হবে, যাতে তারা বিশ্বে প্রতিযোগিতা করে নিজেদের জায়গা করে নিতে পারে। গতকাল সোমবার ২৭ মার্চ রাজধানীর সেগুনবাগিচার আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০১৭' উপলক্ষে আয়োজিত আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইনকিলাব (পৃ.১,ক.৪), সমকাল** (পৃ.৫,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৬) **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৩)।

৮। **এভিয়েশন হতে পারে বৈদেশিক মুদ্রা অর্জনের অন্যতম মাধ্যম**
**: বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী**

এভিয়েশন ক্ষেত্রে দক্ষ জনবল তৈরি করে বিদেশে প্রেরণের মাধ্যমে প্রচুর বৈদেশিক মুদ্রা আয় করে জাতীয় অর্থনীতিতে বলিষ্ঠ অবদান রাখা সম্ভব বলে জানিয়েছেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেনন। তিনি বলেন, বিশ্বব্যাপী আগামী ২০ বছরে পাইলটের চাহিদা ৫ লাখ ৫৮ হাজার এবং ইঞ্জিনিয়ারসহ বিমান কর্মীর চাহিদা রয়েছে ৬ লাখ ৫ হাজার। এজন্য এশিয়ার একটি নেতৃস্থানীয় ইউনিভার্সিটি হিসেবে বঙ্গবন্ধু এভিয়েশন ও অ্যারোস্পেস ইউনিভার্সিটিকে গড়ে তোলা হবে। বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম দ্রুত শুরু করার তাগিদ দিয়ে মন্ত্রণালয় থেকে সব ধরনের সহযোগিতা প্রদানের আশ্বাস দেন তিনি। গতকাল সোমবার ২৭ মার্চ সচিবালয়ে বঙ্গবন্ধু এভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয় আইন প্রণয়ন, এর অবকাঠামো নির্মাণ এবং সিলেবাস প্রণয়ন সংক্রান্ত এক সভায় তিনি এ সব কথা জানান। সূত্র-**সংবাদ (**পৃ. ৪, ক. ৪)।

৯। **হজযাত্রীদের নিবন্ধন প্রক্রিয়া শুরু আজ**

হজযাত্রীদের নিবন্ধন প্রক্রিয়া আজ থেকে শুরু হচ্ছে। হজ প্যাকেজ ২০১৭ অনুযায়ী নিবন্ধন প্রক্রিয়া আগামী ৩০ মার্চ পর্যন্ত চলবে। এক সরকারি বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, যারা সরকারি ব্যবস্থাপনায় পবিত্র হজ পালন করতে চান তাদের নির্ধারিত টাকা সোনালী ব্যাংক লিমিটেডের যে কোনো শাখায় জমা দেয়া যাবে। হজ প্যাকেজ-১ এবং হজ প্যাকেজ-২ এর আওতাধীন হজযাত্রীদের যথাক্রমে ৩ লাখ ৫৩ হাজার ৫০৮ টাকা এবং ২ লাখ ৯১ হাজার ৩৫৫ টাকা ঢাকায় সোনালী ব্যাংক লিমিটেডের মতিঝিলের স্থানীয় শাখায় ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের হিসাব নম্বর-০০০২৩৩০০৯০৮-এ জমা দিতে হবে। ই-হজ ব্যবস্থাপনার সমন্বয়ের স্বার্থে সরকারি

ব্যবস্থাপনায় হজযাত্রীদের নিজ নিজ পাসপোর্ট স্ক্যান করে তাদের রেজিস্ট্রেশন ফরম পূরণ করতেও বলা হয়েছে। সূত্র- **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৪), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.১)।

**১০। নিয়ন্ত্রণে আতিয়া মহল : চার জঙ্গি নিহত**

টানা চার দিনের রুদ্ধশ্বাস অভিযানের পর গতকাল ২৭ মার্চ সোমবার 'অপারেশনে টোয়াইলাইট' এ চার জঙ্গির মৃত্যুর মধ্য দিয়ে আতিয়া মহলের জঙ্গি নিধন সম্ভব হয়েছে। সন্ধ্যার আগেই ভবনের নিয়ন্ত্রণ নেয় সেনাবাহিনীর প্যারাকমান্ডোরা। বিকাল পাঁচটা ১৮ মিনিটে সর্বশেষ গুলির শব্দ শোনা যায়। এর কিছু সময় আগে একটি বিস্ফোরণের ঘটনা ঘটে। সেনাবাহিনীর পক্ষ থেকে জানানো হয়েছে, তখন হয়ত আত্মঘাতী বোমার বিস্ফোরণ ঘটায় জঙ্গিরা। আতিয়া মহলের নিচ তলায় বাধাহীনভাবে সেনা সদস্যদের প্রবেশ করতে দেখা যায়। সাড়ে সাতটায় সংবাদ সম্মেলন করে অপারেশন টোয়াইলাইটের সর্বশেষ অবস্থা জানানো হয়। অপারেশনের দুটি পর্যায়ের একটি শেষ হলেও ভবনজুড়ে বিস্ফোরক ছড়িয়ে ছিটিয়ে থাকায় দ্বিতীয় পর্যায়ের কাজ শুরু করেছে সেনা



বাহিনীর সদস্যরা। ভবনের সকল বিস্ফোরক নিষ্ক্রিয় করার পর পুলিশের কাছে ভবনটি হস্তান্তর করা হবে বলে জানা গেছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.৪)। **ইত্তেফাক, সংবাদ, যুগান্তর, ইনকিলাব, বাংলাদেশ টুডে, ইন্ডিপেনডেন্ট, অবজারভার, নিউজ টুডে, ডেইলি স্টার, নিউ নেশন**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** বর্ষা মৌসুম আসার পূর্বে বৃহত্তর চট্টগ্রামের বিভিন্ন স্থানে পাহাড়ের কোলঘেঁষে ঝুঁকিপূর্ণ বসবাস বন্ধ করার পাশাপাশি বসবাসকারীদের স্থায়ী ভাবে পুনর্বাসনে কর্তৃপক্ষকে যথাযথ উদ্যোগ নেওয়ার সুপারিশ।

খ. **সংবাদ :** লাউয়াছড়া জাতীয় উদ্যানের ভেতর দিয়ে যাওয়া রেল ও সড়কপথে দুর্ঘটনার কবলে পড়ে প্রায় প্রতিনিয়ত বন্যপ্রাণীর মারা যাওয়ার পরিপ্রেক্ষিতে এ উদ্যান থেকে রেলপথ ও সড়কপথ সরানোর আহ্বান।

গ. **জনকণ্ঠ :** সবার জন্য খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে তথ্যপ্রযুক্তিভিত্তিক চাহিদা ও যোগাননির্ভর ডিজিটাল কৃষি ব্যবস্থাপনা ও বাজার ব্যবস্থা অপরিহার্য বলে অভিমত।

ঘ. **প্রথম আলো :** রামগড়-সীতাকুন্ড প্রাকৃতিক বনভূমির প্রাণীদের নিবিড় জীবনচক্র অটুট ও নিরুপদ্রব রাখতে এ বনের ভেতর দিয়ে উচ্চমাত্রার বিদ্যুৎবাহী সঞ্চালন লাইন নির্মাণ না করে কর্তৃপক্ষকে বিকল্প পথ খুঁজে নেওয়ার সুপারিশ।

ঙ. **সমকাল, যুগান্তর, ভোরের কাগজ, ইনকিলাব, ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টার, নিউজ এজ :** মহাসড়কের বিভিন্ন স্থানে দুর্ঘটনায় হতাহতের ঘটনা তুলে ধরে সরকারকে বিষয়টিকে অধিকতর গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে এ ব্যাপারে দৃঢ় অবস্থান নেওয়ার প্রত্যাশা।

চ. **ইন্ডিপেনডেন্ট :** বাংলাদেশ ও মায়ানমারের যৌথ উদ্যোগে টেকনাফ থেকে মংডু পর্যন্ত যাত্রীবাহী লঞ্চ সার্ভিস চালুর উদ্যোগের সফল বাস্তবায়নের প্রত্যাশা।

ছ. **ডেইলি সান, সংবাদ, প্রথম আলো :** জঙ্গিবাদ ইস্যুতে দোষারোপের রাজনীতি না করে জঙ্গিবাদ নির্মূলে অভিযানের পাশাপাশি বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক উদ্যোগ ও জরুরি বলে অভিমত।

জ. **ডেইলি স্টার :** ৪৬ বৎসর পার হয়ে গেলেও দেশের অনেক বধ্যভূমি এখন সংরক্ষিত না হওয়ায় মুক্তিযুদ্ধ মন্ত্রণালয়কে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঝ. **নিউজ টুডে :** মধ্যপ্রাচ্যের অনেক দেশ থেকে নারীকর্মী নিরাপত্তার অভাবে দেশে ফিরে আসায় সরকার নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত না করে নারী কর্মীদের বিদেশে না পাঠানোর আহ্বান করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে ধর্মকে কেন্দ্র করে বাংলাদেশে আত্মঘাতী জঙ্গিদের আবির্ভাবকে অভ্যন্তরীণ পরিস্থিতির পরিপ্রেক্ষিতেই ব্যাখ্যা করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **‘সড়ক দুর্ঘটনা বন্ধ হবে কী করে?’** শিরোনাম নিবন্ধে মীর আবদুল আলীম সড়ক দুর্ঘটনা প্রতিরোধে একটি সমন্বিত কর্মকৌশলের অধীনে দীর্ঘমেয়াদি ও টেকসই কার্যক্রম শুরু করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা